

# ঢাবি সিনেটে নিয়োগ পেলেন পাঁচ শিক্ষাবিদ অধ্যাপক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৫ অধ্যাপককে সিনেট সদস্য হিসেবে

মনোনয়ন দিয়েছে সরকার। আগামী তিন বছরের জন্য রাষ্ট্রপতি ও

চ্যান্সেলর কর্তৃক সিনেটে শিক্ষাবিদ সদস্য হিসেবে এই মনোনয়ন

দেওয়া হয়েছে। আজ বুধবার (১৩ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের এক

আদেশে এ তথ্য জানানো হয়।

তারা হলেন— ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক

(অব.) ড. সদরূল আমিন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, মার্কেটিং

বিভাগের অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান, পদার্থবিজ্ঞান

বিভাগের অধ্যাপক ড. কামরূল হাসান, সমাজবিজ্ঞান বিভাগের

অধ্যাপক ড. সামিনা লুৎফা।

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যাপ্সেলরের  
অনুমোদনক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল  
২০(১)(ই) ও ২০(২) ধারা অনুযায়ী এই ৫ জন জন শিক্ষাবিদকে  
সিনেট সদস্য হিসেবে ৩ বছরের জন্য মনোনয়ন প্রদান করা  
হয়েছে।